

উত্তর-পূর্ব ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক

The Largest Circulated Bengali Daily in North-East India

দৈনিক সংবাদ

আগরতলা • সোমবার • ২৫ শ্রাবণ • ১৪২৭ বাংলা • ১০ আগস্ট • ২০২০ • মূল্য : পাঁচ টাকা

দৈনিক সংবাদ, আগরতলা, সোমবার, ১০ আগস্ট, ২০২০ | সাত

বেস্ট রিসার্চার পুরস্কার পাচ্ছেন অরিজিৎ দাস

আগরতলা

৯ আগস্টঃ দেশ বিদেশের বহু জার্নাল, বই, অনলাইন সংস্করণে নিজের কৃতিত্ব দেখিয়ে রাজ্যের নাম উজ্জ্বল করে এবার বেস্ট রিসার্চার অ্যাওয়ার্ড অর্জন করল রাজ্যের কৃতি সন্তান তথা আগরতলার বিবিএম কলেজের রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক ড. অরিজিৎ দাস। VDGGOOD Professional Association আয়োজিত ইঞ্জিনিয়ারিং, বিজ্ঞান ও মেডিসিন বিভাগে সপ্তম আন্তর্জাতিক সায়েন্টিস্ট অ্যাওয়ার্ডস অনুষ্ঠানে ড. দাসকে বেস্ট রিসার্চার অ্যাওয়ার্ডে ভূষিত করে। VDGGOOD Professional Association প্রতিবছরই ইঞ্জিনিয়ারিং, বিজ্ঞান ও মেডিসিন বিভাগে আন্তর্জাতিক স্তরে বিভিন্ন ক্যাটাগরিতে মোট ১০ জনকে অ্যাওয়ার্ড প্রদান করে থাকেন। এ বছর ড. দাস বেস্ট রিসার্চার অ্যাওয়ার্ডে ভূষিত হন।